

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

নথি নং- ১৮.১১.০০০০.২৬৬.১৪.০৯৬.১৮(D)/৯০২

তারিখঃ ২৭/০১/২০২২


## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অধীনে প্রকল্প মেয়াদে (জুন ২০২৩ পর্যন্ত) নিম্নলিখিত শূন্য পদ সাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ীভাবে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাদি পূরণ সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম নং	পদের নাম	বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	মাসিক বেতন ও ভাতাদি (সাকুল্যে)	বয়সসীমা	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১।	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৬	১৭৩৪৫/=	অনূর্ধ্ব ৩০	১	এইচ.এস.সি পাশসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে।	সকল জেলা

### শর্তাবলী :

- ক্রমিক নং ১-৩ পর্যন্ত সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) নিজ জেলা, (ছ) জন্ম তারিখ ও ১৫/০২/২০২২ তারিখে বয়স, (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) অভিজ্ঞতা, (ঞ) জাতীয়তা, (ট) ধর্ম ইত্যাদি উল্লেখপূর্বক আবেদনপত্র ১৫/০২/২০২২ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে প্রকল্প পরিচালক “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)”, বিআইডব্লিউটিএ ভবন (২য় তলা), ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে পৌছাতে হবে। নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- ক্রমিক নং ১-৩ পর্যন্ত আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর কর্মকর্তা (নামের সীলসহ) কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে :  
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র ;  
(খ) প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি ;  
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা ও নাগরিকত্বের সনদপত্র ;  
(ঘ) ০১ (এক) জন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;  
(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদেব ক্ষেত্রে বয়স ৩০ (ত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পিতা/মাতা ইস্যুকৃত সনদপত্র/প্রত্যয়নপত্র এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
- আবেদনপত্রের সাথে “বানৌপক” বরাবর ৩০০ (তিনশত) টাকার পোস্টাল অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।
- নিয়োগ এবং অন্যান্য আর্থিক সুযোগ-সুবিধার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত উন্নয়ন প্রকল্পের প্রচলিত নিয়মাবলী অনুসরণ করা হবে।
- সাকুল্য মাসিক ভাতাদির ক্ষেত্রে চাকরীস্থল ‘ঢাকা মেট্রোপলিটন’ এলাকা বিবেচনা করা হয়েছে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের সাথে পত্র দ্বারা যোগাযোগ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে কোন ধরনের টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রার্থীর নিজ বর্তমান ঠিকানা লিখিত ০৫(পাঁচ) টাকার ডাক টিকেট সংবলিত ১০’ x ৪’ সাইজের একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



(আবু জাফর মোহাম্মদ শাহনেওয়াজ কবির)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভাঃ)  
ড্রেজিং বিভাগ, বানৌপক, ঢাকা  
ও  
প্রকল্প পরিচালক